বিসমিল্লাহির রাহমানির রাহীম

ইন্নাল হামদালিল্লাহ


আসসলাতু ওয়াসসালামু 'আলা রসূলিল্লাহ

এই ফাইলে আপনাদের সামনে পেশ করবো কীভাবে উইনডোজে স্ক্রিন শট নেয়া যায়।

মূলত দুইভাবে স্ক্রিনশট নেয়া যায়। ১) মিপিং টুল দিয়ে, ২) PrtScr বাটন দিয়ে।


প্রথমে আমরা দেখই ম্লিপিং টুল দিয়ে কীভাবে স্ক্রিন শট নিতে হয়।

যদি আপনি উইন্ডোজ ১০ ব্যবহার করেন তাহলে প্রথমে যে স্ক্রিনেরর ছবি তুলতে চান, সেই স্ক্রিন আসলে উইনডোজের সার্চ বাটনে [নিচের ছবি দ্রষ্টব্য] ক্লিক করতে হবে।




তারপর ১ চিহ্নিত স্থানে Snipping Tool লিখে সার্চ করতে হবে।

তারপর ২ চিহ্নিত স্থানে ক্লিক করলে শ্লিপিং টুল সফটওয়্যারটি ওপেন হবে ইনশাআল্লাহ। এতে নিচের ছবির মতো একটি উইনডো ওপেন হবে ইনশাআল্লাহ।




আর যদি আপনি উইন্ডোজ ৭ ব্যবহারকারী হোন, তাহলে প্রথমে যে স্ক্রিনেরর ছবি তুলতে চান, সেই স্ক্রিন আসলে উইনডোজ বাটনে ক্লিক করতে হবে। তারপর ১ চিহ্নিত স্থানে Snipping Tool লিখে সার্চ করতে হবে।


এরপর ২ চিহ্নিত স্থানে ক্লিক করলে মিপিং টুল সফটওয়্যারটি ওপেন হবে ইনশাআল্লাহ।



এতে নিচের ছবির মতো একটি উইনডো ওপেন হবে ইনশাআল্লাহ।




তারপর সেখানে New-তে ক্লিক করলে কম্পিউটারের পুরো স্ক্রিন নিচের ছবির মতো ঝাপসা হয়ে যাবে।




এরপর সেই স্ক্রিনের যতখানি অংশের ছবি তুলতে চাই, মাউজের লেফট ক্লিক করে ড্র্যাগ [টেনে] পছন্দনীয় অংশ নির্বাচন করা যাবে। নির্বাচিত অংশে ঝাপসা ভাব সরে যাবে এবং পরিষ্কার দেখা যাবে।




পছন্দমত অংশ নির্বাচন করা হয়ে গেলে মাউজের লেফট ক্লিক ছেড়ে দিতে হবে। তাহলে নিচের উইনডো ওপেন হবে ইনশাআল্লাহ।



এর মানে হচ্ছে ছবি তোলা শেষ। এখন ছবিটি সেইভ করার পালা।




সেইভ করার জন্য Ctrl+S চাপতে হবে বা উপরের ছবিতে দেখানো ১-এ File ক্লিক করে ২-এ নির্দেশিত Save As.. ক্লিক করতে হবে। সঠিকভাবে করতে পারলে নিচের উইনডো ওপেন হবে ইনশাআল্লাহ।




তারপর উক্ত ছবিটি যে ড্রাইভে সেইভ করতে চাই উপরের ছবিতে ১ চিহ্নিত স্থান থেকে সেই ড্রাইভ নির্বাচন করতে হবে। এরপর ২ চিহ্নিত স্থান থেকে যে ফোল্ডারে সেইভ করতে চাই তা নির্বাচন করতে হবে। আর ছবিটি ডিফল্ট হিসেবে .png ফরম্যাটে সেইভ হবে। যদি অন্য কোন ফরম্যাটে - যেমন, JPEG বা GIF, ইত্যাদি - সেইভ করতে চাই, তাহলে ৩ চিহ্নিত স্থানের ছোট ডাউন এরোওতে ক্লিক করে পছন্দের ফরম্যাট নির্বাচন করতে হবে। তারপর ৪ চিহ্নিত স্থানে সেইভ ক্লিক করে সেইভ করতে হবে ইনশাআল্লাহ।

আর PrtScr বাটন দিয়ে স্ক্রিনশট নেয়ার জন্য উইন্ডোজ ৮ ও ১০ ব্যবহারকারীরা প্রথমে যে স্ক্রিনেরর ছবি তুলতে চান, সেই স্ক্রিন আসলে উইনডোজ বাটন ও F12 এর পাশের PrtScr বা Print Screen বাটনে একসাথে চাপ দিতে হবে। এতে স্বয়ংক্রিয় ভাবেই আপনার কম্পিউটার স্ক্রিনের স্ক্রিনশট নেয়া হয়ে যাবে এবং আপনার কম্পিউটারের Pictures > Screenshots ফোল্ডারে সেইভ হয়ে যাবে।



উপরের লাল গোল চিহ্নিত Pictures ফোল্ডারে এ ক্লিক করলে Screenshots ফোল্ডার আসবে। সেখানে ডাবল ক্লিক করলে আপনার নেয়া স্ক্রিনশটটি দেখা যাবে ইনশাআল্লাহ।

আর যদি আপনি উইন্ডোজ ৭ ব্যবহারকারী হোন, তাহলে প্রথমে যে স্ক্রিনেরর ছবি তুলতে চান, সেই স্ক্রিন আসলে F12 এর পাশের PrtScr বা Print Screen বাটনে চাপ দিবেন। এতে আপনার স্ক্রিনের ছবিটি কপি হয়ে যাবে।




এরপর আপনি উইন্ডোজ বাটনে ক্লিক করে তার উপরের ১ চিহ্নিত স্থানের সার্চ বক্সে Paint লিখে সার্চ দিন। তারপর উপরের ২ চিহ্নিত স্থানে Paint এর উপর ক্লিক করলে তা ওপেন হবে ইনশাআল্লাহ।

Paint ওপেন হলে Ctrl+V চাপবেন। এতে করে আপনার স্ক্রিনশটটি আপনি দেখতে পাবেন।



তারপর উপরের লাল গোল চিহ্নিত স্থানে ক্লিক করলে নিচের বক্স ওপেন হবে ইনশাআল্লাহ।



তারপর উপরের ছবির মতো Save as এ ক্লিক করে ছবিটি আপনার পছন্দের ফোল্ডারে সেইভ করে নিবেন। যে ফরম্যাটে সেইভ করতে চান তা পাশের বক্স থেকে নির্বাচন করতে পারবেন ইনশাআল্লাহ। যেমন- png, jpeg, ইত্যাদি।